



## রাজধানীসহ বিভিন্ন জেলায় ভূকম্প অনুভূত



সংগৃহীত ছবি

দেশের বিভিন্ন এলাকায় আবারও ভূমিকম্প অনুভূত হয়েছে। শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) দুপুর ১টা ৫৪ মিনিটে এই কম্পন টের পান মানুষ।

European-Mediterranean Seismological Centre—এর তথ্য অনুযায়ী, রিখটার স্কেলে ভূমিকম্পটির মাত্রা ছিল ৫ দশমিক ৪। সংস্থাটি জানায়, কম্পনের কেন্দ্র ছিল খুলনা জেলা শহর থেকে প্রায় ৪৭ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে এবং সাতক্ষীরা থেকে ১৮ কিলোমিটার দক্ষিণ-পূর্বে। ভূমিকম্পটির গভীরতা ছিল প্রায় ৩৫ কিলোমিটার।

ঢাকা ছাড়াও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের বিভিন্ন জেলা এবং প্রতিবেশী দেশ ভারতের কিছু অংশে, বিশেষ করে বারাসাত এলাকায় কম্পন অনুভূত হয়। তবে তাৎক্ষণিকভাবে কোনো প্রাণহানি বা বড় ধরনের ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

# LENS ASIA